

# যুগান্তর

প্রিন্ট: ১৬ নভেম্বর ২০২৫, ০৯:৩১ এএম

শিক্ষাঙ্গন

## কৃষি গুচ্ছের ভর্তি পরীক্ষার তারিখ ঘোষণা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৪ নভেম্বর ২০২৫, ০৬:৩৩ পিএম



কৃষি গুচ্ছের ৯টি বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের (২০২৫-২৬ শিক্ষাবর্ষ) ভর্তি পরীক্ষা আগামী ৩ জানুয়ারি অনুষ্ঠিত হবে। এ বছর ভর্তি পরীক্ষার দায়িত্বে রয়েছে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় (গাব্বি)।

শুক্রবার (১৪ নভেম্বর) দুপুরে গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাব্বি) রেজিস্ট্রার কৃষিবিদ ড. হেলাল উদ্দীন।

হেলাল উদ্দীন জানান, ভর্তি পরীক্ষা দুপুর ২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত চলবে।

পরীক্ষার প্রযুক্তিগত ও প্রশাসনিক সব সমন্বয় করবে গাব্বি। এ ছাড়া ACAS-এর অনলাইন আবেদন গ্রহণ শুরু হবে ২৫ নভেম্বর থেকে এবং চলবে ১৫ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত। ভর্তি পরীক্ষা সম্পর্কিত বিস্তারিত নির্দেশনা, আসন বিন্যাস এবং প্রবেশপত্র ডাউনলোডের তথ্য পরে অফিসিয়াল ACAS ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

কৃষি গুচ্ছের আওতাধীন বিশ্ববিদ্যালয়গুলো হলো, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় ও কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়।